



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০১৭

বিষয়: ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন প্রসঙ্গে

সূত্র: (১) নং বামাশিবো/প্রশা/পিরোজপুর-৬৭/২৮৫, তারিখ: ১১ জুন ২০২৩ খ্রি.

(২) রিট পিটিশন নং ১২৩৮৮/২০২৩ মোকাদ্দমায় মহামান্য হাইকোর্ট বিভাগের ২৬/১০/২০২৩ খ্রি. তারিখের আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন নেছারাবাদ মোজাদ্দেদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার বিষয়ে বর্ণিত রায়সমূহের সার্টিফাইড কপি মাধ্যমে জানান যে, রিট পিটিশন নং ১৩৫/২০০৬ এ প্রদত্ত রায় তারিখ: ৩১.০৮.২০১০ ইং সিভিল পিটিশন নং ৮০২/২০১১ এবং রিভিউ পিটিশন নং ৩৪/২০১৬ এ প্রদত্ত রায়ে জরিমানার অংশ ব্যতিরেকে বহাল আছে। অন্যদিকে, দেওয়ানী মোকাদ্দমা নং ৪৩/২০০২ এ প্রদত্ত অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ তারিখ ১০.০৩.২০১৩ এ বহাল আছে এবং উহার বিরুদ্ধে সিভিল পিটিশন নং ১৯৫২/২০১৩ এ প্রদত্ত রায় আপীল নং ৭৫/২০০০ মামলাসহ মহামান্য সুপ্রীম কোর্টে একাধিক মামলায় জনাব মাওলানা মানসুর আহমেদ ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালনের বিষয় স্বীকৃত ও প্রমাণিত হয়েছে। ১৯৯৯ সাল থেকে বোর্ডের রেকর্ড মোতাবেক মাওলানা মানসুর আহমেদ ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালনের প্রমাণ পাওয়া যায়। অন্যদিকে, জনৈক নূর মোহাম্মদ ও মোঃ হুফিউল্লাহ নেছারী নিজেদেরকে অধ্যক্ষ ও ভারপ্রাপ্ত সুপার দর্শিয়ে বিভিন্ন সময়ে আবেদন করেন, যাদের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ পর্যন্ত সিভিল পিটিশন নং ১৯৫২/২০১৩ এ নিষেধাজ্ঞা বলবৎ আছে ও জনাব নূর মোহাম্মদ অধ্যক্ষ নয় মর্মে রিট পিটিশন নং ১৩৫/২০০৬ এ প্রদত্ত রায় আপীল বিভাগ কর্তৃক রিভিউ পিটিশন নং ৩৪/২০১৬ বলবৎ আছে এবং শিক্ষা অফিসার, পিরোজপুর কর্তৃক স্মারক নং ১৪৭৪ তারিখ: ২৬/১২/২০০৫ মোতাবেক এমপিও স্থগিতকরণ ও এমপিও হিসাবে গৃহীত বেতন-ভাতা ফেরত প্রদানের রায়ও বহাল আছে।

এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২৩৮৮/২০২৩ এ মহামান্য হাইকোর্ট বিভাগের স্থিতিবস্তুর আদেশ ও উপরে বর্ণিত বর্ণিত রায় ও আদেশের আলোকে ভারপ্রাপ্ত সুপার হিসেবে জনাব মাওলানা মানসুর আহমেদ দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো। একই সাথে মহামান্য উচ্চ আদালত পর্যন্ত নিষেধাজ্ঞার আওতায় বর্ণিত মোঃ হুফিউল্লাহ নেছারীসহ অন্যান্যকেও মাদ্রাসার প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনায় বাধা/হস্তক্ষেপ না করিতে পারে তৎমর্মেও ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হল।

০৯-০৪-২০২৪

প্রফেসর মুহাম্মদ শাহ আলমগীর
চেয়ারম্যান

০২-৫৮৬১০২১৬ (ফোন)

০২-৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

chairman@bmeb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর;
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা: নেছারাবাদ, জেলা: পিরোজপুর এবং
- ৪। জনাব মাওলানা মানসুর আহমেদ, সুপার (ভারপ্রাপ্ত), নেছারাবাদ মোজাদ্দেদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, নেছারাবাদ, পিরোজপুর।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০১৭/১(৭)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস);
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, পিরোজপুর;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, নেছারাবাদ, পিরোজপুর;
- ৫। ম্যানেজার, অগ্রণী/সোনালী/রূপালী ব্যাংক, পিএলসি -----শাখা, নেছারাবাদ, পিরোজপুর;;
- ৬। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। অফিস কপি (নথি নম্বর: ৬৭)।



১৬-০৪-২০২৪

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার